# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin
**Date 24-05-2025 Time: 7.50 P.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) দেশের উন্নয়নে কেন্দ্রীয় সরকার এবং রাজ্যগুলিকে একযোগে কাজ করার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

২) প্রধানমন্ত্রী, আগামীকাল আকাশবাণীতে মন কি বাত অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন।

৩) কেন্দ্রের পাঠানো একাধিক প্রতিনিধি দল অপারেশন সিন্দুরের পক্ষে এবং সন্ত্রাসবাদের বিরুদ্ধে ভারতের অবস্থান বিশ্বমঞ্চে তুলে ধরছে।

৪) সোমবারের মধ্যে রাজ্য সরকারের তরফে যোগাযোগ করা না হলে তারা বৃহত্তর আন্দোলনে নামবেন বলে সুপ্রিম কোর্টের রায়ে চাকরীহারা শিক্ষকরা জানিয়েছেন।

৫) আজ যথোচিত মর্যাদায় বিদ্রোহী কবি কাজি নজরুল ইসলামের জন্মদিন উদযাপিত হচ্ছে।

৬) হিমালয় সন্নিহিত পশ্চিমবঙ্গে আগামী দু এক দিনের মধ্যেই বর্ষা প্রবেশ করতে চলেছে বলে জানিয়েছে আবহাওয়া দপ্তর।

৭) এবারের আইপিএল ক্রিকেটে কলকাতা নাইট রাইডার্স তাদের শেষ ম্যাচে আগামীকাল সানরাইজার্স হায়দ্রাবাদের বিরুদ্ধে খেলবে।

-----------------------------------------------------------------------------------------------------

দেশের উন্নয়নে কেন্দ্রীয় সরকার এবং রাজ্যগুলিকে একযোগে কাজ করতে হবে বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মন্তব্য করেছেন। আজ নতুন দিল্লীতে নীতি আয়োগের দশম পরিচালন পর্ষদের বৈঠকে পৌরোহিত্য করে শ্রী মোদী বলেন, টিম ইন্ডিয়ার মত একযোগে কাজ করলে কোনো লক্ষ্যই অপূর্ণ থাকবে না। তিনি বলেন, প্রতিটি রাজ্য বিকশিত হলে ভারত বিকশিত হবে। এটাই ১৪০ কোটি দেশবাসীর আকাঙ্খা বলে উল্লেখ করেন প্রধানমন্ত্রী। শ্রী মোদী কাজের জায়গায় আরও বেশি করে মহিলাদের অন্তর্ভুক্তির ওপর জোর দিয়েছেন। তিনি বলেন, এই লক্ষ্যে নীতি ও আইন প্রণয়ন জরুরী।

এদিনের বৈঠকে ৩১ টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চল যোগ দেয়। তবে রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী বৈঠকে উপস্থিত ছিলেন না।

এদিকে, এই প্রথম নীতি আয়োগের ডাকা বৈঠকে এতগুলি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চল যোগ দিয়েছে বলে নীতি আয়োগের সিইও বি ভি আর সুব্রহ্মনিয়ম জানিয়েছেন।

--------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, আগামীকাল আকাশবাণীতে মন কি বাত অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১২২ তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সবকটি প্রচারতরঙ্গ এবং www.newsonair.com ওয়েবসাইটও মোবাইল অ্যাপেও বেলা ১১ টা থেকে মন-

কি-বাত শোনা যাবে। AIR, DD নিউজ, প্রধানমন্ত্রী কার্যালয় এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউটিউব চ্যানেলে তা শোনা যাবে।

হিন্দী ভাষায় সম্প্রচারের ঠিক পরেই আঞ্চলিক ভাষায় মন-কি-বাত সম্প্রচারিত হবে। রাত ৮ টায় আঞ্চলিক ভাষায় তর্জমা পুনঃসম্প্রচারিত হবে।

--------------------

অপারেশন সিন্দুর এবং সন্ত্রাসবাদের বিরুদ্ধে ভারতের অবস্থান বিশ্বমঞ্চে তুলে ধরতে কেন্দ্রের পাঠানো একাধিক প্রতিনিধি দল বিভিন্ন দেশে সফর করছেন। জেডিইউ সাংসদ সঞ্জয় ঝাঁ-র নেতৃত্বে প্রতিনিধি দলটি জাপানে ভারতীয় দূতাবাসে পহেলগাঁওতে পর্যটকদের ওপর সন্ত্রাসবাদী হামলায় পাকিস্তানের যোগসাজশ সম্পর্কে বিভিন্ন তথ্য তুলে ধরেন। ঐ দলে রয়েছেন, রাজ্যের সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়। আজ টোকিওতে সাংবাদিক সম্মেলনে তিনি বলেন, সন্ত্রাসবাদের কাছে ভারত কখনই মাথা নত করবেনা।

বাইট

কংগ্রেস সাংসদ শশী থারুরের নেতৃত্বে আজ একটি দল গায়না, মার্কিন যুক্তরাষ্ট্র, পানামা, ব্রাজিল এবং কলম্বিয়া এই পাঁচ দেশ সফরে রওনা হয়েছে।

--------------------

ভারত একমাত্র দেশ যে গোটা বিশ্বে শান্তির বাণী পৌঁছে দিয়েছে। তাই শত বাধাতেও বৈচিত্রের মধ্যে আমরা এক বলে মন্তব্য করেছেন অভিনেত্রী পরিচালক ও সমাজকর্মী শতরূপা সান্যাল।

বাইট শতরূপা সান্যাল

--------------------

অহল্যাবাই হোলকারের জন্মের ৩০০ বছর পূর্তি উপলক্ষে বিজেপি সারা দেশে বেশকিছু কর্মসূচী পালন করবে। এই উপলক্ষে বিভিন্ন জেলায় সেমিনারের পাশাপাশি নারী ক্ষমতায়নের বিষয়ে সচেতনতা গড়ে তোলার কাজ চলবে। এরাজ্যে কর্মসূচীর দায়িত্বে আছেন প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী দেবশ্রী চৌধুরী। তিনি ছাড়াও লকেট চট্টোপাধ্যায়, অগ্নিমিত্রা পাল, মালতি রাভা রায়, সুভাষ সরকার, বিমল শঙ্কর নন্দ প্রমুখ বক্তা হিসাবে থাকবেন।

--------------------

আধার ভিত্তিক বায়োমেট্রিক পদ্ধতিতে স্বাস্থ্যকর্মীদের হাজিরা দেওয়ার ক্ষেত্রে গাফিলতি, শিক্ষক চিকিৎসকদের উপস্থিতির হার, কলেজগুলিতে পরিকাঠামোগত ঘাটতি সহ নানা অভিযোগে জাতীয় মেডিক্যাল কমিশন রাজ্যের বিভিন্ন মেডিক্যাল কলেজ কতৃপক্ষকে প্রায় দুই কোটি টাকা জরিমানা করেছে। কলকাতা মেডিক্যাল কলেজকে ২০ লক্ষ, SSKM-কে ১৮ লক্ষ, সাগর দত্ত মেডিক্যাল কলেজ ও হাসপাতাল কতৃপক্ষকে ১৫ লক্ষ টাকা জরিমানা করেছে কমিশন। এমবিবিএস পরীক্ষায় স্বচ্ছতার অভাব, রোগী ভর্তি সংক্রান্ত তথ্যে গরমিল এর কারনে NRS হাসপাতালকে সবচেয়ে বেশি বাইশ লক্ষ টাকা জরিমানা করা হয়েছে বলে স্বাস্থ্য দপ্তর সূত্রে জানা গিয়েছে।

--------------------

সোমবার এর মধ্যে রাজ্য সরকারের তরফে যোগাযোগ করা না হলে তারা বৃহত্তর আন্দোলনে নামবেন বলে সুপ্রীম কোর্টের রায়ে চাকরিহারা শিক্ষকরা জানিয়েছেন। আজ বিকাশ ভবনের সামনে সাংবাদিক বৈঠকে 'যোগ্য শিক্ষক-শিক্ষিকা অধিকার মঞ্চের তরফে হাবিবুল্লাহ বলেন, পাকাপাকি ভাবে চাকরিতে ফেরানোর ব্যাপারে সরকারের অবস্থান জানতে চেয়ে ফের শিক্ষামন্ত্রী ব্রাত্য বসুকে আজ চিঠি দেওয়া হচ্ছে।

বাইট (হাবিবুল্লাহ)

কলকাতা হাইকোর্টের নির্দেশ মেনে বিকল্প স্থানে আন্দোলনের সমস্ত শর্ত পূরণ হলে তবেই বিকাশ ভবনের সামনে থেকে অবস্থান বিক্ষোভ সরিয়ে নেওয়া হবে বলে যোগ্য শিক্ষক-শিক্ষিকা অধিকার মঞ্চ জানিয়েছে। মঞ্চের তরফে বৃন্দাবন ঘোষ বলেন, পুলিশের সঙ্গে কথা বলে বইমেলা প্রাঙ্গণের উল্টোদিকে একটি জায়গা চিহ্নিত করা হয়েছে। তবে ওই জায়গায় ছাউনি, জল, বায়ো-টয়লেট এবং বিদ্যুতের ব্যবস্থা করে দিতে হবে প্রশাসনকে।

এদিকে চাকরিহারা শিক্ষকদের একাংশ আজ আইনজীবি বিকাশ রঞ্জন ভট্টাচার্যের বাড়িতে গিয়ে তাঁর সঙ্গে সাক্ষাৎ করেন। সরকার শিক্ষকদের সঙ্গে প্রতারণা করছে বলে বিকাশ বাবু অভিযোগ করেন।

বাইট

---------------------

রাজ্যে ফের করোনা ভাইরাসে আক্রান্ত হওয়ার খবর মিলেছে। দক্ষিণ ২৪ পরগণার মহরাহাটে বছর ২০-র এক মহিলা ও এক কিশোরের শরীরে ছড়িয়েছে সংক্রমণ। শ্বাসকষ্টের সমস্যা নিয়ে দুজনকেই ডায়মন্ড হারবার মেডিকেল কলেজে ভর্তি করা হয়েছে। তবে তাদের অবস্থা এখন স্থিতিশীল বলে চিকিৎসকরা জানিয়েছেন। এলাকায় বিশেষ নজরদারি চালানো হচ্ছে।

এদিকে, কলকাতার উডল্যান্ড হাসপাতালে ভর্তি করোনা আক্রান্ত এক প্রৌঢ়া সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন। হলদিয়ার বাসিন্দা ঐ মহিলা গত চৌঠা মে করোনা আক্রান্ত হয়ে উডল্যান্ডস হাসপাতালে ভর্তি হন।

---------------------

বিদ্রোহী কবি কাজি নজরুল ইসলামের ১২৬ তম জন্মবার্ষিকী নানা কর্মসূচীর মাধ্যমে পালিত হচ্ছে। উপন্যাস, নাটক, সঙ্গীত, দর্শন এবং কবিতায় কবি নজরুলের অবদান বাংলার সংস্কৃতিকে সমৃদ্ধ করেছে। এই উপলক্ষে পশ্চিম বর্ধমানের আসানসোলের চুরুলিয়ায় আজ বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়। বিভিন্ন সংগঠন, সাংস্কৃতিক চর্চা কেন্দ্র এবং প্রতিষ্ঠান যথাযথ মর্যাদায় দিনটি পালন করছে।

---------------------

পূর্ব মেদিনীপুরে বাকচায় বিজেপি নেতা বিজয় কৃষ্ণ ভুঁইয়া খুনের ঘটনায় এক তৃনমূল কংগ্রেস নেতাকে জাতীয় তদন্ত সংস্থা এনআইএ গ্রেপ্তার করেছে। ধৃত মনোরঞ্জন হাজরা বাকচার প্রাক্তন অঞ্চল সভাপতি। ধৃতকে আজ এনআইএর বিশেষ আদালতে তোলা হলে, ১লা জুন পর্যন্ত জেল হেফাজত হয়েছে। দুতারিখে আবার তাকে আদালতে তোলা হবে।

---------------------

হিমালয় সন্নিহিত পশ্চিমবঙ্গে আগামী দু- তিন দিনের মধ্যে বর্ষা প্রবেশ করতে চলেছে। তবে দক্ষিণবঙ্গে জুনের প্রথম সপ্তাহের মধ্যেই বর্ষা ঢোকার সম্ভাবনা রয়েছে বলে আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত জানিয়েছেন।

বাইট

এদিকে আগামী মঙ্গলবার উত্তর - পশ্চিম বঙ্গোপসাগরে একটি নিম্নচাপ অঞ্চল তৈরি হতে পারে। সেই কারণে কলকাতা সহ দক্ষিণবঙ্গের বেশ কিছু জেলায় ভারী বর্ষণের সম্ভাবনা রয়েছে। বৃষ্টির হাত ধরে বেশ কিছুটা কমেছে তাপমাত্রা। কলকাতায় আজ দিনের

সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২৫ দশমিক ৮ ডিগ্রী সেলসিয়াস যা স্বাভাবিকের চেয়ে ১ ডিগ্রী কম।

---------------------

এবারের আইপিএলে কলকাতা নাইট রাইডার্স তাদের শেষ ম্যাচে আগামীকাল সানরাইজার্স হায়দ্রাবাদের বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। গত বারের চ্যাম্পিয়ন কলকাতা ও হায়দ্রাবাদ দুই দলই এবারের আইপিএল এর প্লে অফের দৌড় থেকে ছিটকে গিয়েছে। দুই দল ১৩ টি করে ম্যাচ খেলেছে। কলকাতা ১২ পয়েন্ট সংগ্রহ করে সপ্তম স্থানে, হায়দ্রাবাদ ১১ পয়েন্ট সংগ্রহ করে অষ্টম স্থানে আছে।

---------------------   ---------------------